# গণসংহতি আন্দোলনে দলীয় দায়িত্ব থেকে পদত্যাগ জোনায়েদ সাকির



পরিকল্পনা প্রতিমন্ত্রী জোনায়েদ সাকি। ছবি: সংগৃহীত

গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারীর পদ থেকে পদত্যাগ করেছেন জোনায়েদ সাকি। শনিবার (৪ এপ্রিল) রাজধানীর হাতিরপুলে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ ঘোষণা দেন।

তার পদত্যাগের পর দলটির ভারপ্রাপ্ত প্রধান সমন্বয়কারীর দায়িত্ব দেওয়া হয়েছে দেওয়ান আব্দুর রশিদ নিলুকে।

গত বছরের ৩ নভেম্বর ঢাকার সাভারে অনুষ্ঠিত পঞ্চম জাতীয় সম্মেলনে তিনি পুনরায় দলের প্রধান সমন্বয়কারী হিসেবে নির্বাচিত হয়েছিলেন।

এদিকে চলতি বছরের ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি নেতৃত্বাধীন জোটের প্রার্থী হিসেবে 'মাথাল' প্রতীক নিয়ে ব্রাহ্মণবাড়িয়া–৬ (বাঞ্ছারামপুর) আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন জোনায়েদ সাকি। পরবর্তীতে সরকার গঠনের পর তাকে অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রীর দায়িত্ব দেওয়া হয়। পরে তিনি কেবল পরিকল্পনা প্রতিমন্ত্রীর দায়িত্ব পালন করেন।

LENS ASIA